গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৩৮

তারিখ : ০৭-০২-২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)] শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ : ০৪/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রহী শিক্ষার্থীরা আগামী ২৫/০৩/২০২৬ তারিখের মধ্যে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে ফরম সংগ্রহপূর্বক উক্ত ফরমে নির্ভুলভাবে পূরণ করে তথ্য ফরমে উল্লেখিত শর্তাবলী মোতাবেক প্রয়োজনীয় প্রমাণক কাগজপত্র/তথ্যাদিসহ নিজ নিজ প্রতিষ্ঠানে জমা প্রদান করবে।

আগামী ৩১/০৩/২০২৬ তারিখের মধ্যে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্রসমূহ ঢাকা(মিরপুর)/চট্টগ্রাম/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেটে অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) এর কার্যালয়ে এবং একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের আবেদনপত্র বর্ণিত আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে অগ্রায়ন/প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ-কে অনুরোধ করা হলো।

**উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা কার্যালয়ে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হয় না। তাই শিক্ষার্থী কিংবা শিক্ষা প্রতিষ্ঠান থেকে আবেদনপত্র দাখিল/প্রেরণ করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

বি: দ্র:
নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **'ফরম নং-১'** এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **'ফরম নং-০২'** পূরণ করে আঞ্চলিক উপপরিচালক/পরিচালক (ঢাকা, মিরপুর/চট্টগ্রাম/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/রংপুর ও সিলেট) এর কার্যালয়ে প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনপত্র অগ্রায়ণ করবেন।

- **শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠানের নিকট আবেদন জমা দানের শেষ তারিখ : ২৫/০৩/২০২৬ খ্রি.।**
- **প্রতিষ্ঠান কর্তৃক আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে অগ্রায়ণের শেষ তারিখ : ৩১/০৩/২০২৬ খ্রি.।**
- **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে উক্ত আবেদন ফরম ডাউনলোডপূর্বক শিক্ষার্থীদের মাঝে বিতরণ/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি : আবেদন 'ফরম নং-০১' ও 'ফরম নং-০২'।

স্বাক্ষরিত/-
(প্রফেসর বি. এম. আব্দুল হান্নান)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৩৮/০৭

তারিখ : ০৭-০২-২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. পরিচালক, কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০২. রেজিস্ট্রার (সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়) ....................
০৩. অধ্যক্ষ (সকল সরকারি ও বেসরকারি কলেজ) ....................
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৫. পরিচালক/উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ("২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন" শিরোনামে আদেশটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ)
০৭. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়)....................
০৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. সংরক্ষণ নথি

০৭.০২.২৬
(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এনুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
www.seo.rangpur.gov.bd

স্মারক নং ৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.২৬/ ২৯৫

তারিখ : ১০.০২.২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২। জেলা শিক্ষা অফিসার, রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়। আপনার জেলার সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণের নিকট পত্র প্রাপ্তি নিশ্চিতসহ পত্রের মর্মানুযায়ী তফশীলি উপবৃত্তির পুরণকৃত তথ্য ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানকে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক .................................. সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয় .................................. পত্রের মর্মানুযায়ী তফশীলি উপবৃত্তির পুরণকৃত তথ্য ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রংপুর অঞ্চল, রংপুর। । আপনার উপজেলার সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণের নিকট পত্র প্রাপ্তি নিশ্চিতসহ পত্রের মর্মানুযায়ী তফশীলি উপবৃত্তির পুরণকৃত তথ্য ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানকে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। সংরক্ষণ নথি।

১০.০২.২০২৬
মোছাঃ রোকসানা বেগম
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর